বি ইউ বি টি

# শিক্ষার্থী নির্দেশিকা


## বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি

রূপনগর, মিরপুর ২, ঢাকা ১২১৬, বাংলাদেশ

ফোন: পিএবিএক্স ৯০২০১৩২-৪, মোবা: ০১৮৪৫-৭৩৪ ৩৩৭

ই-মেইল: admission@bubt.edu.bd ও info@bubt.edu.bd

ওয়েবসাইট: www.bubt.edu.bd

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | বিইউবিটি'র পরিচিতি | ১-২ |
| ২। | নিয়মানুবর্তিতা/শৃঙ্খলা সম্পর্কিত সাধারণ নির্দেশনা | ৩-৬ |
| ৩। | বিইউবিটি সেন্ট্রাল লাইব্রেরী, ক্যারিয়ার গাইডেন্স ও কাউন্সিলিং অফিস এবং মেডিকেল সেন্টার | ৬ |
| ৪। | স্টুডেন্ট এ্যাফেয়ার্স সংক্রান্ত তথ্যাবলী | ৭-৯ |
| ৫। | পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি | ১০-১৩ |
| ৬। | ভর্তি হওয়া শিক্ষার্থীদের নির্দেশনা অনুসরণ | ১৩-১৪ |
| ৭। | ফি ওয়েভার (Waiver), স্কলারশীপ ও স্টাইপেন্ড সংক্রান্ত তথ্যাবলী | ১৫ |

# শিক্ষার্থীদের জন্য একাডেমিক ও শৃঙ্খলা সম্পর্কিত সাধারণ নির্দেশনা

## বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (বিইউবিটি)

## বিইউবিটি'র পরিচিতি

**অন্যতম এক বেসরকারী বিশ্ববিদ্যালয়**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী ২০০৩ সালে বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (বিইউবিটি) প্রতিষ্ঠা লাভ করে। এটি ঢাকা কমার্স কলেজ কর্তৃক প্রতিষ্ঠিত এবং বিইউবিটি ট্রাস্ট কর্তৃক পরিচালিত। বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠালগ্ন হতেই গুণগত শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করে আসছে।

বর্তমানে বিইউবিটি দেশের শীর্ষস্থানীয় বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে অন্যতম। বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর সকল শর্ত পুরণ করা ছাড়াও শিক্ষার মান, গবেষণা সুবিধা, স্বচ্ছ পরীক্ষা পদ্ধতি, বিশ্বমানের শিক্ষা কর্মসূচি, প্রয়োজনীয় ভৌত অবকাঠামো, নারীশিক্ষা ও সহশিক্ষাক্রমিক কার্যক্রম, অত্যাধুনিক ল্যাব সুবিধা, অত্যন্ত সুশৃঙ্খল শিক্ষার পরিবেশ বিশেষভাবে উল্লেখযোগ্য।

**বিইউবিটি ভিশন (Vision of BUBT)**

মানসম্পন্ন শিক্ষা, উদ্ভাবন ও গবেষণার ক্ষেত্রে নেতৃত্বস্থানীয় উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিইউবিটিকে প্রতিষ্ঠা লাভ করানো।

**বিইউবিটি মিশন (Vision of BUBT)**

উৎকৃষ্ঠ ও উদ্ভাবনী শিক্ষা পদ্ধতি ব্যবহার করে স্বল্প ব্যয়ে মানসম্পন্ন শিক্ষা প্রদানের মাধ্যমে বিইউবিটি'র স্নাতকদেরকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করা।

**উদ্দেশ্য (Goals)**

বিইউবিটি'র মুখ্য উদ্দেশ্য হল, শিক্ষার্থীদেরকে অতি দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করা যাতে করে তারা উদ্যোক্তা, শিক্ষাবিদ, পেশাদার, প্রশাসক, ইত্যাদি হিসেবে জাতীয় উন্নয়নে সক্রিয় অবদান রাখতে পারে।

বিইউবিটি সামগ্রিক কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নলিখিত উদ্দেশ্য গুলো পূরণে বদ্ধপরিকরঃ

(১) বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা প্রদানের জন্য একটি উৎকৃষ্ট শিক্ষা ব্যবস্থা বজায় রাখা।

(২) শিক্ষার্থীদের চিন্তায়, কর্মে ও অনুশীলনে নৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক মূল্যবোধ সৃষ্টির প্রচেষ্টা অব্যাহত রাখা ও অনুপ্রেরণা প্রদান করা যাতে করে তারা উক্ত গুণসমূহ ব্যক্তিগত ও জাতীয় জীবনে অনুসরণ করতে পারে।

(৩) শিক্ষার্থীদের জন্য একটি প্রগতিশীল উচ্চতর শিক্ষা ও গবেষণা কেন্দ্র পরিচালনা করা যা আদর্শ ও উন্নত সমাজ গঠনের জন্য প্রয়োজনীয়।

(৪) আধুনিক বিশ্বের জটিল বিষয়সমূহের উপলব্ধির জন্য শিক্ষার্থীদের মধ্যে প্রয়োজনীয় জ্ঞান ও ধীশক্তি বৃদ্ধিতে সক্রিয় সহযোগিতা প্রদান করা যাতে করে তারা সমাজের সমস্যাগুলোর সহজ সমাধান করতে সক্ষম হয়।

**অবস্থান**

বিইউবিটির স্থায়ী ক্যাম্পাস মিরপুর-২ এ রুপনগর এলাকায় অবস্থিত। চারটি সুপরিসর ভবনে (বিল্ডিং ১, বিল্ডিং ২, বিল্ডিং ৩ ও বিল্ডিং ৪) উৎকৃষ্ট শিক্ষার পরিবেশে বিইউবিটি এর শিক্ষা কার্যক্রম অব্যাহত রেখেছে। ক্লাস রুটিনে বিল্ডিং এর নাম উল্লেখ থাকে। ক্যাম্পাসের চার পাশে অনেক স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান অবস্থিত। অতি প্রশস্থ ও নতুন রাস্তার পাশে এর অবস্থান হওয়ায় সড়ক পথে যে কোন মাধ্যমেই ঢাকা শহরের সমস্ত এলাকা থেকে ও ঢাকার বাহির হতে খুব সহজে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পৌঁছা যায়। বিইউবিটি ক্যাম্পাসের অদূরে তুরাগ নদীর বেড়িবাঁধের পূর্ব পার্শ্বে গোড়ান চটবাড়ি (নদী গবেষণা ইনস্টিটিউট সংলগ্ন) এলাকায় বিশ্ববিদ্যালয়ের ২৫ বিঘা জমি রয়েছে। এই জমিতে তৈরী করা হয়েছে অত্যাধুনিক ক্রিকেট ও ফুটবল খেলার মাঠ, যা BUBT Sports Complex নামে পরিচিত। বিশ্ববিদ্যালয়ের দীর্ঘমেয়াদি পরিকল্পনা অনুযায়ী ভবিষ্যতে এ জমিতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবন নির্মাণ করে আধুনিক শিক্ষা সম্প্রসারিত হবে।

**স্বীকৃতি**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সুপারিশের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় ২০০৩ সালে বিইউবিটি’র অনুমোদন প্রদান করে। স্থায়ী ক্যাম্পাস, বিভিন্ন ভৌত কাঠামো ও উন্নত শিক্ষার মান ধারণের জন্য শীর্ষ পদে থাকা বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে বিইউবিটি অন্যতম। বিশ্বের অনেক স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের সংগে বিইউবিটি’র একাডেমিক কোলাবোরেশন ও ক্রেডিট ট্রান্সফার এর ব্যবস্থা আছে। বিইউবিটি “এসোসিয়েশন অব কমনওয়েল্থ ইউনিভার্সিটিজ”, “এসোসিয়েশন অব ইন্টারন্যানাল ইউনিভার্সিটিজ” এবং “এসোসিয়েশন অব ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট ইনস্টিটিউশন ইন সাউথ এশিয়া” এর গর্বিত সদস্য। অষ্ট্রেলিয়ার Central Queensland University এর সঙ্গে পিএইচ.ডি প্রোগ্রামের জন্য বিইউবিটি’র সহিত এমওইউ (MOU) রয়েছে।

# নিয়মানুবর্তিতা/শৃঙ্খলা সম্পর্কিত সাধারণ নির্দেশনা

## ভূমিকা

প্রিয় শিক্ষার্থী! নতুন জীবনের আলোক শিখায়, জ্ঞানের বিশাল চত্বরে তুমি পা বাড়িয়েছ লক্ষ আলোর দিগন্তের দিকে শুরু হোক তোমার অভিযাত্রা! আলোকিত মানুষ হবার পথে তোমার যাত্রা সফল হোক। এই ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়টিতে তুমি ভর্তি হবার সুযোগ পেয়েছো, তুমি তাই আজ থেকে বিইউবিটি'র একজন Ambassador, প্রতিনিধি। তোমার সাফল্য ও বিশ্ববিদ্যালয়ের সাফল্য তাই এক সূত্রে গাঁথা।

এখন থেকে তোমাকে ইংরেজি মাধ্যমে পড়াশোনার পাশাপাশি বিইউবিটি'র অনেকগুলো গুরুত্বপূর্ণ বিয়য় মেনে চলতে হবে। চার বছরের শিক্ষা জীবনে প্রতিটি কোর্সের ফলাফল সারা সেমিস্টার জুড়ে বিভিন্ন কুইজ, ক্লাস টেস্ট, হোমওয়ার্ক, টার্ম পেপার, মৌখিক পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা, একটি 'মিড-টার্ম' ও 'সেমিস্টার ফাইনালের' মাধ্যমে করা হবে। কুইজ এবং ক্লাস টেস্ট পূর্ব ঘোষণা অনুসারে অথবা পূর্ব ঘোষণা ছাড়াও হতে পারে, যা কোর্স শিক্ষকের উপর নির্ভর করে। তাই তোমাকে সেমিস্টারের শুরু থেকেই পড়ালেখার বিষয়ে সক্রিয় এবং সচেতন থাকতে হবে। নিয়মিত ক্লাসে উপস্থিত থাকা, শিক্ষকদের লেক্চার শোনা, পরীক্ষায় অংশগ্রহণ করা হবে তোমার প্রাত্যহিক কাজ। শিক্ষকদের দেওয়া এ্যাসাইনমেন্ট গ্রুপ স্টাডির মাধ্যমে সমাধান করে যথাসময়ে জমা দেবে। ক্লাসের পর লাইব্রেরীতে পড়াশোনার অভ্যাস করবে। বিইউবিটি'র বিভিন্ন শিক্ষা সহায়ক ক্লাবের সদস্য হয়ে সহশিক্ষা ও শিক্ষা বহির্ভূত কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে শানিত করবে তোমার ব্যক্তিত্ব। এর ব্যতিক্রম হলেই কাঙ্খিত ফলাফল অর্জন করা সম্ভব হবে না।

**নিম্নে নিয়মানুবর্তিতা/শৃঙ্খলা সম্পর্কিত সাধারণ নির্দেশনাগুলো উল্লেখ করা হলঃ**

(১) আইডি কার্ড গলায় ঝুলিয়ে ক্যাম্পাসে প্রবেশ করতে হবে এবং ক্যাম্পাসে অবস্থানকালীন সময়ে আইডি কার্ড গলায় ঝুলিয়ে রাখা বাধ্যতামূলক। মনে রাখতে হবে, *"NO ID, NO ENTRY"*। বিশেষ কোন কারণে আইডি কার্ড সঙ্গে না থাকলে অভ্যর্থনা (Reception) কেন্দ্রে জানাতে হবে এবং সেখান থেকে অনুমতি পাওয়া না গেলে ক্যাম্পাসে প্রবেশ কোন ভাবেই সম্ভব নয়।

(২) সামাজিক ও ব্যক্তিগত সুরক্ষা প্রাপ্তির জন্য সকল শিক্ষার্থীদেরকে বাসা থেকে রওয়ানা হওয়া থেকে শুরু করে বাসায় ফিরে যাওয়া পর্যন্ত এবং বিশ্ববিদ্যায় ক্যাম্পাসে অবস্থান কালীন সময়ে আইডি কার্ড গলায় পড়ে প্রদর্শনের জন্য নির্দেশ দেয়া হল।

(৩) শ্রেণীকক্ষে বা করিডোরে কোন ক্রমেই হৈচৈ বা হট্টগোল করা যাবেনা। ক্যাম্পাসের অভ্যন্তরে কোথাও দৌড়াদৌড়ি করা যাবেনা। এতে অন্য ক্লাসে পাঠদানে বিঘ্ন ঘটে।

(৪) ক্লাস চলাকালীন সময়ে অকারণে শ্রেণীকক্ষের বাইরে ঘোরাফেরা করা যাবে না। পর পর ক্লাস থাকলে বিরতির সময়ে শ্রেণীকক্ষের ভিতর অবস্থান করতে হবে। দীর্ঘ বিরতির সময় লাইব্রেরীতে পড়াশোনা করা বা ক্যাফেটেরিয়ায় খেলাধুলা করা যেতে পারে।

(৫) লাইব্রেরীর অভ্যন্তরে শব্দ করে পড়া, গল্প, আলাপ আলোচনা, ইত্যাদি অত্যন্ত গর্হিত আচরণ বলে বিবেচিত হবে। ক্যাফেটেরিয়ায় খেলাধুলা করার ক্ষেত্রে অফিস স্টাফের সাহায্য গ্রহণ করতে হবে। কোন ক্রমেই হট্টগোল করা যাবেনা। খেলার সামগ্রী যত্নসহকারে ব্যবহার করতে হবে এবং অন্য শিক্ষার্থীদেরও খেলার সুযোগ দিতে হবে।

(৬) শিক্ষার্থীদের মধ্যে Friendship অবশ্যই থাকবে। কিন্তু বন্ধু বাছাই করার ক্ষেত্রে বুঝে-শুনে এগুতে হবে যাতে করে তা পরে মনঃকষ্টের কারন না হয়।

(৭) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বা প্রাঙ্গনে কোন স্থানে কোন শিক্ষার্থীকে ধূমপান বা মাদক সেবন অবস্থায় পাওয়া গেলে সঙ্গে সঙ্গে Discipline Committee এর সুপারিশক্রমে নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৮) বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন কালীন কোন শিক্ষার্থী যদি মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ বা রাষ্ট্রবিরোধী কোন কার্যকলাপে জড়িত আছে বলে প্রমাণিত হয় তবে সঙ্গে সঙ্গে Anti-Drug Committee বা Anti-Terrorism and Anti-Militancy Cell এর তদন্ত সাপেক্ষে এবং Discipline Committee এর সুপারিশক্রমে নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনে তাকে আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে সোপর্দ করা হবে।

(৯) কোন শিক্ষার্থী কারো সঙ্গে সংঘর্ষে লিপ্ত হলে বা কাউকে ক্যাম্পাসের ভিতরে বা বাহিরে উত্যক্ত করলে, হুমকি দিলে, বিশেষ করে ছাত্রীদের ব্যাপারে বিষয়টি ঘটলে বিশ্ববিদ্যালয়ের Sexual Harrasement Committee এর তদন্ত সাপেক্ষে Discipline Committee এর সুপারিশক্রমে নিয়মানুযায়ী শাস্তির ব্যবস্থা করা হবে। অপরাধ গুরুতর হলে Studentship বাতিল করা হবে।

(১০) *বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক কর্মকান্ড নিষিদ্ধ।* কোন শিক্ষার্থীকে ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকান্ডে যুক্ত পাওয়া গেলে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ভঙ্গের দায়ে নিয়মানুযায়ী তার বিরূদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১১) শালীন ও মার্জিত পোষাক পরিধান করে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে। অতিরিক্ত আঁটসাট জামা, থ্রি-কোয়ার্টার প্যান্ট এবং আমাদের দেশে প্রচলিত সামাজিক মূল্যবোধের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এমন পোষাক পরিধান করে ক্যাম্পাসে প্রবেশ করা যাবে না।

(১২) সকল শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকার সঙ্গে ভদ্র ও মার্জিত আচরণ করতে হবে।

(১৩) পরিচ্ছন্ন পরিবেশ রক্ষায় সহযোগিতা করার জন্য শিক্ষার্থীদের টয়লেট ব্যবহার করার সময়ে পরিবেশ নোংরা না করে প্রচুর পানি ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে। “আমার পরিচ্ছন্নতা অন্যদেরকে পরিচ্ছন্ন থাকতে উৎসাহিত করবে”, এই নীতিই মেনে চলা উচিত।

(১৪) বিশ্ববিদ্যালয় ভবনের দেয়ালে, ক্লাস রুমে বা ওয়াস রুমে কোন প্রকার লেখা যাবেনা, কোন প্রকার ছবি আঁকা যাবেনা, কোন প্রকার পোস্টার/দেয়ালিকা সাঁটা যাবেনা এবং কোন ভাবেই বিশ্ববিদ্যালয়ের কোন সম্পদ বিনষ্ট করা যাবেনা। অভিযোগ পাওয়া গেলে, শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৫) শিক্ষার্থীদের জন্য ভবন ২ এর উত্তরে সিকিউরিটি গার্ড ও সিসিটিভি ক্যামেরা কর্তৃক নিয়ন্ত্রিত একটি পার্কিং এলাকা আছে। আইডি কার্ড প্রদর্শন পূর্বক সকল শিক্ষার্থীগণ পার্কিং এলাকায় মোটরবাইক ও বাইসাইকেল রাখতে পারবে। ব্যক্তিগত তালা/চাবি ব্যবহার করে মোটরবাইক, হেলমেট ও বাইসাইকেলের নিরাপত্তা নিশ্চিত করাসহ পার্কিং এলাকার নিয়ম মেনে চলার জন্য শিক্ষার্থীদেরকে নির্দেশ দেয়া হল।

(১৬) বাস, সিএনজি, রিকসা বা অন্য কোন নগর পরিবহন ব্যবহার করতে গিয়ে পূর্ব থেকেই ভাড়া ঠিক করে উঠতে হবে এবং বাসে হাফ ভাড়া দাবি করা যাবে না যাতে করে কোন প্রকার অনভিপ্রেত ঘটনার উৎপত্তি না হয়।

(১৭) হোস্টেল বা ভাড়া বাসায় থাকতে গিয়ে কোন প্রকার অপরাধে জড়ালে, অথবা হোস্টেল কর্তৃপক্ষ বা বাড়ী মালিকের কাছ থেকে কোন অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণিত হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

(১৮) কোন ভাবেই প্রতিবাদের নামে কোন রকম উচ্ছৃঙ্খল আচরণ করে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ভঙ্গ করা যাবেনা। এমনকি কোন সামাজিক মাধ্যম ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন হয়, এমন কিছু লেখালেখি করা যাবেনা। এরুপ কার্যকলাপ অমার্জনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

(১৯) সামাজিক যোগাযোগ মাধ্যম, যেমন ফেসবুক, টুইটার, ইত্যাদি ব্যবহার করার ক্ষেত্রে সকল প্রকার অশোভন ভাষার ব্যবহার এবং উগ্র ও অশ্লীল বিষয়াদি থেকে নিজেকে দূরে রাখতে হবে। কারো সম্মানহানী করা, বিশ্ববিদ্যালয় বা রাষ্ট্রবিরোধী কোন প্রকার প্রচার-প্রচারণার কর্মকান্ডে কোন ভাবেই অংশগ্রহণ করা যাবেনা। জঙ্গীবাদকে উস্‌কে দেয় এমন কোন কিছুর সঙ্গে জড়ানো যাবেনা।

(২০) মনে রাখতে হবে, সাইবার অপরাধ বর্তমানে একটি গুরুতর অপরাধ হিসেবে বিবেচিত। মোবাইল বা অন্য কোন মাধ্যমে ব্যক্তিগত পরিচিত, ছবি, কন্টাক্ট লিস্ট, ইত্যাদি শেয়ার করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে যাতে করে কোন প্রকার বিপদের সম্মুখীন হতে না হয়। সরকারের Digital Security Act 2018 এর বিভিন্ন ধারা অনুযায়ী বিভিন্ন ধরনের শাস্তি ও জরিমানা বা উভয় প্রকার শাস্তির কথা উল্লেখ আছে। যেমন কোন ব্যক্তি ইলেকট্রনিক মাধ্যমে এমন কোন সামান্য তথ্য প্রকাশ করলে যদি তা কোন ব্যক্তির বা প্রতিষ্ঠানের মানহানির কারন হয় তবে উক্ত ব্যক্তি ০৩ (তিন) বছরের কারাদন্ডে বা ০৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হবে।

(২১) বিশ্ববিদ্যালয়ের কোন স্টাফের সঙ্গে দুর্ব্যবহার করা যাবেনা। "টাকা দিয়ে পড়তে এসেছি, আমি কারো পরোয়া করিনা" এমন মনোভাব ত্যাগ করে বিশ্ববিদ্যালয়ের নিয়ম-কানুন মেনে অধ্যয়ন করতে হবে। ভদ্র ও মার্জিত আচরণ চারিত্রিক দৃঢ়তাকে কোন ভাবে ক্ষুণ্ন করে না, বরং আকর্ষণীয় ব্যক্তিত্বেরই বহিঃপ্রকাশ ঘটায়।

(২২) ভবিষ্যতে কোন প্রকার জটিলতা তৈরি না হওয়ার জন্য শিক্ষার্থীদের মাধ্যমে তাদের পিতামাতা/ অভিভাবকগনকে বিইউবিটি'র Rules and Regulations সম্পর্কে ওয়াকিবহাল হওয়ার জন্য অনুরোধ করা হল। শিক্ষার্থীদেরকে বিইউবিটি'র Rules and Regulations সমুহ যথাযথভাবে অনুসরন করার জন্য নির্দেশ দেয়া হল। নিয়ম বহির্ভূত কোন প্রকার কাজে সংশ্লিষ্টতা Studentship বাতিলের কারন হতে পারে।

(২৩) একটি কোর্সের পরপর ৩টি ক্লাসে অনুপস্থিতি অস্বাভাবিক আচরণ বলে পরিগণিত হবে এবং বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি Discipline Committee তে জানানো হবে। সরকারের নির্দেশনা অনুযায়ী অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা নিকটস্থ থানায় প্রদান করা হয়। অসুস্থতা বা অন্য কোন যোক্তিক কারণ থাকলে সেটি সংশ্লিষ্ট শিক্ষক বা বিভাগীয় প্রধানকে অবশ্যই জানাতে হবে। সান্ধ্যকালীন ক্লাসের ক্ষেত্রে এই নিয়মটি ৩ ঘন্টার একটি ক্লাসে অনুপস্থিতির জন্য প্রযোজ্য হবে।

(২৪) যেহেতু শিক্ষার্থীরাই বিশ্ববিদ্যালয়ের অপরিহার্য অঙ্গ তাই শিক্ষার্থীদের অভিযোগ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিইউবিটি'তে সুনির্দিষ্ট কর্তৃপক্ষ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী বা অন্য কারো কাছ থেকে কোন ভাবে কোন শিক্ষার্থী নিগৃহীত হলে যাঁদের কাছে অভিযোগ করা যাবে তারা হল:

* ইনটেক ইনচার্জ শিক্ষক,
* বিভাগীয় চেয়ারম্যান,
* অনুষদের ডীন,
* রেজিস্ট্রার/জয়েন্ট রেজিস্ট্রার, এবং
* প্রক্টর/সহকারী প্রক্টর

**নতুন পরিবেশ ও কিছু সমস্যা:** বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে অনেকে ঢাকায় নতুন। পিতামাতা ও আত্নীয়-স্বজনকে ছেড়ে আসায় এক ধরণের মানসিক উদ্বেগের পাশাপাশি ঢাকার ব্যস্ত পরিবেশ ও থাকা খাওয়ার সমস্যায় পড়তে হয়। যারা আত্নীয়-স্বজনের বাসায় থাকবে না তারা যথাসম্ভব বুঝে-শুনে পিতামাতা বা স্থানীয় অভিভাবকের পরামর্শক্রমে মেসের ব্যবস্থা করবে। যেহেতু অনেকের জন্য তাদের পিতামাতার তদারকি অনুপস্থিত এবং নিজেকেই নিজের ভবিষ্যৎ গড়ে তুলতে হবে তাই ধুমপান, মাদক, আড্ডা, জঙ্গি তৎপড়তা আছে এমন মেস সমূহ অবশ্যই পরিহার করতে হবে। মেসের অন্যান্য সদস্য যতদূর সম্ভব বিইউবিটির শিক্ষার্থী হতে হবে।

শ্রেনীকক্ষের ও বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের প্রতি সহানুভূতিশীল হতে হবে। অতিরিক্ত মেলামেশা পরিহার করতে হবে, যা অনেক সময়ই সমস্যা তৈরী করে। যেহেতু অনেকে প্রাথমিকভাবে ইংরেজী মাধ্যমে পড়ালেখা শুরু করবে তাই ক্লাসে কোন বিষয়ে সংশয় থাকলে শ্রেনী শিক্ষককে জিজ্ঞেস করে অবশ্যই বিষয়বস্তু সম্পর্কে সুস্পষ্ঠ ধারনা নিতে হবে। এতে করে অন্য শিক্ষার্থীদেরও উপকারে আসবে এবং শিক্ষকও পাঠদানে সন্তুষ্টি অর্জন করবে। যে কোন বিষয়ে সমস্যা হলে শ্রেনী শিক্ষক বা অন্য যে কারও সংগে কথা বলে যথাশীঘ্র তার সমাধান করে নিতে হবে।

**শেষ কথা:** শেষ কথা হল তুমি একটি প্রতিযোগিতামূলক বিশ্বে বসবাস করছ। এখানে টিকে থাকতে হলে সহযোগিতামূলক মনোভাব এবং উন্নততর জ্ঞান সাধনার মাধ্যমে নিজেকে প্রস্তুত করতে হবে। বিইউবিটি তোমাকে এই অভিযাত্রায় একজন দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার মহান ব্রত নিয়ে তোমার পাশে থাকবে। কঠোর পরিশ্রমের মাধ্যমে তোমাকে প্রস্তুত করতে হবে সুন্দর আগামীর জন্যে। সকল প্রতিযোগিতায় তোমাকে হতে হবে সেরাদের সেরা। উন্নততর জ্ঞান-বিজ্ঞান সৃষ্টিতে তুমি হবে অগ্রনায়ক। আজকের এই মাহেন্দ্রক্ষণে যখন তোমাদেরকে বরণ করতে চলেছি, তখন একটি দায়িত্বের কথা বলতেই হয় যে, তোমাদেরকে দ্রুত এগিয়ে চলা এ বিশ্বের টেক্‌শই উন্নয়নের জন্য দক্ষ কর্ণধার হতে হবে। তোমাদের বিশ্বাস এবং প্রাণবন্ত তারুণ্য নিয়ে ব্রতী হও জ্ঞান সাধনায়, ব্রতী হও মহৎ মানবিক বিশ্ব রচনায়।

## বিইউবিটি সেন্ট্রাল লাইব্রেরী, ক্যারিয়ার গাইডেন্স ও কাউন্সিলিং অফিস এবং মেডিকেল সেন্টার

বিইউবিটি’র বিল্ডিং ৩ এ রয়েছে একটি অত্যাধুনিক লাইব্রেরী এবং বিল্ডিং ৪ এ রয়েছে একটি সুবিশাল রিডিং রুম। লাইব্রেরীতে প্রায় ৩০,০০০ এর অধিক বই সহ বিভিন্ন ধরনের জার্নাল ও অন্যান্য ট্রেনিং মেটেরিয়াল আছে। শিক্ষার্থীগণ প্রতি সপ্তাহের জন্য ২ টি বই ধারে গ্রহন করতে পারবে, যা পরবর্তী ১ সপ্তাহের জন্য নবায়নযোগ্য। লাইব্রেরী প্রতিদিন সকাল ৮ টা হতে রাত ১০ টা পর্যন্ত, শুক্রবারে সকাল ৯ টা হতে রাত ১০ টা পর্যন্ত এবং শনিবারে বিকাল ৬ টা হতে রাত ১০ টা পর্যন্ত খোলা থাকে।

বিইউবিটি’র ক্যারিয়ার গাইডেন্স ও কাউন্সিলিং অফিস শিক্ষার্থীদের কোর্স সমাপ্তির পর ইন্টার্নশীপের ব্যবস্থাসহ চাকুরীর ব্যবস্থা করে থাকে। বিভিন্ন রকম ক্যারিয়ার সেশন, জব ফেয়ার ও স্পট ইন্টারভিউয়ের মাধ্যমে সিভি তৈরী, ইন্টারভিউ প্রস্তুতি ও অন্যান্য সফ্‌ট স্কীল বৃদ্ধির ব্যবস্থাসহ এ অফিস বিদেশে উচ্চ শিক্ষার জন্য গমনেচ্ছুদের পরামর্শ ও সহযোগিতা প্রদান করে থাকে।

বিইউবিটি’র মেডিকেল সেন্টারটি বিশ্ববিদ্যালয়ে ক্লাস চলাকালীন সময়ের জন্য সিনিয়র মেডিকেল অফিসার ও নার্স/ মেডিকেল এসিসটেন্টের মাধ্যমে জরুরী স্বাস্থ্যসেবা প্রদান করে আসছে। মেডিকেল সেন্টারটিতে স্বাস্থ্য সেবার পরিধি ও মান বৃদ্ধির জন্য উন্নত চিকিৎসা সরঞ্জামাদি স্থাপনের প্রক্রিয়া চলমান রয়েছে।

# স্টুডেন্ট এ্যাফেয়ার্স সংক্রান্ত তথ্যাবলী

**প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপন:** ভর্তির সময় অনেক শিক্ষার্থীদের বিভিন্ন প্রয়োজনীয় কাগজপত্র যেমন Registration card, Marksheet, Certificate জমা দেয়া বাকি থাকে তারা সর্বোচ্চ ছয় মাসের মধ্যে রিসেপশনে তা জমা দিবে এবং ফটোকপির পিছনে Program, Intake, ID Number লিখবে।

**ভর্তি বাতিল:** ভর্তির পরে নতুন শিক্ষার্থীদের ক্ষেত্রে কেউ যদি ভর্তি বাতিল করতে চায়, সে ক্ষেত্রে ক্লাস শুরুর আগে দরখাস্ত জমা দিতে হবে। ১ম Semester এর পরে ভর্তি বাতিল করতে চাইলে Registration এর পূর্বে দরখাস্ত করে ভর্তি বাতিল করতে হবে। উল্লেখ্য যে, ভর্তি বাতিল করলে শুধুমাত্র জমাকৃত Library Caution money ফেরত পাওয়া যাবে।

**সেকশন পরিবর্তন:** ১ম Semester এ কোন প্রকার সেকশন পরিবর্তন করা যায় না। পরবর্তী Semester এ সেকশন পরিবর্তন করতে চাইলে Registration এর পূর্বে দরখাস্ত লিখে জমা দিতে হবে।

**ডিপার্টমেন্ট/বিভাগ পরিবর্তন:** ডিপার্টমেন্ট পরিবর্তন করতে চাইলে ক্লাস শুরুর পূর্বে দরখাস্ত লিখে উভয় ডিপার্টমেন্টের ডীন/চেয়ারম্যান এর সুপারিশ (Recommendation) নিয়ে দরখাস্ত জমা দিতে হবে।

**সেমিস্টার প্রত্যাহার করণ** (Semester Withdrawal): কোন শিক্ষার্থী যদি ১ম সেমিস্টার প্রত্যাহার করতে চায় তবে তাকে অবশ্যই ক্লাস শুরুর পূর্বে এবং পরবর্তী অন্য কোন সেমিস্টারের জন্য ক্লাস শুরুর ১৫ দিনের মধ্যে দরখাস্ত করে Withdrawal নিতে হবে।

**কোর্স প্রত্যাহার করণ** (Course Withdrawal): যদি কোন শিক্ষার্থী এক বা একাধিক কোর্স প্রত্যাহার করতে চায় তবে তাকে সেমিস্টারের ক্লাস শুরুর ১৫ দিনের মধ্যে দরখাস্ত করে, শিক্ষকদের মধ্য হতে নির্ধারিত Faculty-in-Charge ও সংশ্লিষ্ট Chairman এর সুপারিশ সহ রেজিষ্টারের অফিসে জমা দিয়ে কোর্স প্রত্যাহার নিতে হবে।

## ক্লাস সম্পর্কীয় তথ্যাবলী

(১) শিক্ষকদের কক্ষে প্রবেশের ক্ষেত্রে তাঁদের অনুমতি নিয়ে প্রবেশ করতে হবে।

(২) শ্রেণীকক্ষে প্রবেশ করার পূর্বে সঙ্গে থাকা মোবাইল ফোনের রিংটোন বন্ধ করতে হবে।

(৩) প্রত্যেক শিক্ষার্থীকে পূর্বের ক্লাসে আলোচিত বিষয়ের উপর পড়াশোনা করে পরবর্তী ক্লাসে উপস্থিত হতে হবে। ক্লাস শুরু হবার কমপক্ষে ৫(পাঁচ) মিনিট পূর্বে শ্রেণীকক্ষে প্রবেশ করতে হবে।

(৪) শিক্ষকের অনুমতি ব্যতিরেকে বোর্ডে কিছু লেখা যাবেনা এবং মাল্টিমিডিয়া ব্যবহার করা যাবে না।

(৫) ক্লাস পারফরমেন্স উন্নয়নের জন্য পাঠদান বিষয়ের আলোচনায় নিয়মিত অংশ নিতে হবে।

(৬) ল্যাব ব্যবহারের ক্ষেত্রে নির্দিষ্ট নিয়ম-কানুন মেনে চলতে হবে। ল্যাব এর মূল্যবান যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে বিশেষ যত্নবান হতে হবে। কারো বিরুদ্ধে ল্যাব এর শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ উত্থাপিত হলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হবে।

(৮) ৭০% ক্লাস উপস্থিতি না থাকলে কোন কোর্সের ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

(৯) পরপর ৩ (তিন)টি সেমিস্টারে কারো সিজিপিএ ২.০ এর নিচে থাকলে তাকে রি-এ্যাডমিশন নিতে হবে।

## আইডি কার্ড সম্পর্কীয় তথ্যাবলী

(১) নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি হওয়ার পর ক্লাস শুরু হলে ক্লাসে নোটিশ দেওয়ার পরে রিসেপশন থেকে আইডি কার্ড সংগ্রহ করতে হবে।

(২) আইডি কার্ডে ভুল থাকলে সংশোধনের জন্য রিসেপশনে যোগাযোগ করে ঠিক করে নিতে হবে।

(৩) আইডি কার্ড ভেঙ্গে গেলে অথবা অস্পষ্ট হয়ে গেলে নষ্ট আইডি কার্ড সহ রিসেপশনে যোগাযোগ করতে হবে।

(৪) আইডি কার্ড হারিয়ে গেলে থানায় General Dairy (GD) করতে হবে, এবং GD এর কপিসহ রিসেপশনে যোগাযোগ করতে হবে।

(৫) Credit Transfer, Admission বাতিল, Course Completion এর ক্ষেত্রে আইডি কার্ড রিসেপশনে জমা দিতে হবে।

### প্রশংসা পত্র

শিক্ষা ভাতা সংক্রান্ত প্রশংসাপত্র নেয়ার ক্ষেত্রে ছাত্র-ছাত্রীকে দরখাস্ত লিখে জমা দিতে হবে। অধ্যয়নরত মর্মে প্রশংসাপত্র নেয়ার ক্ষেত্রে দরখাস্ত লিখে জমা দিতে হবে।

## রেজিস্ট্রেশন

প্রতিটি সেমিস্টারের শুরুতে কোর্স রেজিস্ট্রেশন করতে হয়। শিক্ষার্থীদেরকে সেমিস্টারের ফি অথবা সর্বনিম্ন নির্দিষ্ট ফি প্রদান করার পর রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে Faculty-in-Charge এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পূর্ণ করতে হবে।

## রেজিস্ট্রেশন সম্পকীয় নিয়মাবলী

(১) কোন কোর্স প্রত্যাহার করতে হলে তাকে দরখাস্ত করে Faculty-in-Charge এর স্বাক্ষর সহ জমা দিতে হবে।

(২) Major Subject এর পরিবর্তন করতে হলে দরখাস্তে দুই ডিপার্টমেন্টের বিভাগীয় প্রধান এর কাছ থেকে স্বাক্ষর নিয়ে দরখাস্ত জমা দিতে হবে।

(৩) কোন সেমিস্টার প্রত্যাহার করার পর পরবর্তী সেমিস্টারে রেজিস্ট্রেশন করতে হলে, তাকে দরখাস্ত সহ রেজিস্ট্রেশন ফর্ম জমা দিতে হবে।

(৪) Dual Major এর ক্ষেত্রে একটি Major শেষ করার পর, দরখাস্ত সহকারে রেজিস্ট্রেশন ফর্ম জমা দিতে হবে।

(৫) রেজিস্ট্রেশন শেষে Registration Card এ ভুল থাকলে তা সংশোধন করে জমা দিতে হবে এবং সংশোধিত Registration Card গ্রহণ করতে হবে।

(৬) রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করার সময় নিদিষ্ট সেকশন উল্লেখ করতে হবে।

(৭) Improvement এর ক্ষেত্রে কোর্সের পূর্ববর্তী Grade উল্লেখ করে রেজিস্ট্রেশন ফর্ম জমা দিতে হবে।

## ক্লাস সম্পর্কীয় তথ্য

(১) সেমিস্টার শুরুর পর ক্লাস সিডিউল Website থেকে গ্রহণ করতে হবে।

(২) ওয়েবসাইট www.bubt.edu.bd এ প্রতিটি student একাউন্ট খুলে তার Registration থেকে শুরু করে Result পযর্ন্ত সমস্ত Information পেতে পারবে।

(৩) 1st Semester থেকে Last Semester পর্যন্ত সব Registration Card, Money Receipt, Course Outline, Admit Card, Prospectus এবং Result এর Web Copy কোর্স শেষ হওয়া পযর্ন্ত সংরক্ষণ করে রাখতে হবে।

(৪) Library Card করতে দুই কপি স্ট্যাম্প সাইজ ছবি সহ Library তে যোগাযোগ করতে হবে।

(৫) লাইব্রেরী ব্যবহার করার ক্ষেত্রে নিয়ম মেনে লাইব্রেরী কার্ড এর মাধ্যমে বই ধার নেওয়া যাবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কোন রকম ক্ষয়ক্ষতি ছাড়া বই ফেরৎ দিতে হবে।

(৬) Computer Lab. ব্যবহারের ক্ষেত্রে প্রত্যেককে রেজিস্ট্রেশন করতে হবে এবং এর জন্য Common Lab. ব্যবহার করতে হবে।

(৭) Payment Schedule সংক্রান্ত তথ্য Website এ দেয়া হয় এবং তা নোটিশ বোর্ডে টানানো থাকে যা দেখে প্রতিটি Installment প্রদান করতে হবে।

(৮) বিইউবিটি'র ওয়েবসাইট নিয়মিত ভিজিট করে আপডেটেড ইনফরমেশন সম্পর্কে অবগত থাকবে।

(৯) বিইউবিটি'র Prospectus পড়তে হবে।

(১০) Notice Board প্রতিদিনই চেক করতে হবে।

(১১) Common Room হতে Sports items ব্যবহারের ক্ষেত্রে দায়িত্ব প্রাপ্ত স্টাফের নিকট আইডি কার্ড জমা প্রদান পূর্বক Sports items গ্রহণ করতে হবে এবং সবাইকে খেলার সুযোগ প্রদান করতে হবে। এক্ষেত্রে Sports Club এর সদস্য হয়ে বিভিন্ন খেলায় অংশগ্রহণে সহায়তা করবে।

## পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি (Examination and Evaluation Process)

বিইউবিটিতে পরীক্ষা ও মূল্যায়নের ক্ষেত্রে সেমিস্টার পদ্ধতি অনুসরণ করা হয়। তদানুসারে একটি একাডেমিক বর্ষকে ৩টি সমান সেমিস্টারে বিভক্ত করা হয়েছে, অর্থাৎ ৪টি মাসকে একটি সেমিস্টার হিসেবে গণ্য করা হয়। সেমিস্টারগুলো নিম্নরূপঃ

| সেমিস্টারের নাম | মেয়াদ |
|---|---|
| ফল (Fall) | অক্টোবর- জানুয়ারী |
| স্প্রিং (Spring) | ফেব্রুয়ারী - মে |
| সামার (Summer) | জুন - সেপ্টেম্বর |

প্রতি সেমিস্টারে একজন শিক্ষার্থী স্বাভাবিক নিয়মে ৪(চার) টি কোর্স অধ্যয়নের সুযোগ পায়। সেমিস্টার পদ্ধতিতে কোর্সগুলির পাঠদান এবং শিক্ষার্থীর মূল্যায়ন যুগপৎভাবে চলমান থাকে। প্রতিটি কোর্সের জন্য বরাদ্দ থাকে ১০০ নম্বর। প্রতিটি কোর্সে পাঠদানকারী ফ্যাকাল্টি (শিক্ষক/শিক্ষিকা) ৩টি মূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে ১০০ নম্বরের মূল্যায়ন সম্পন্ন করে থাকেন।

**প্রক্রিয়াগুলো নিম্নরূপঃ**

| প্রক্রিয়া বা পদ্ধতি | বরাদ্দকৃত নম্বর |
|---|---|
| Continuous Assessment | ৩০% |
| Mid Term পরীক্ষা | ৩০% |
| Final পরীক্ষা | ৪০% |
| | মোট নম্বর: ১০০ |

Course পাঠদানকারী ফ্যাকাল্টি (শিক্ষক/শিক্ষিকা) পুরো সেমিস্টারব্যাপী পাঠদান কালে Continuous Assessment এর আওতায় নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করে থাকেন:

| Continuous Assesment | শতকরা নম্বর |
|---|---|
| উপস্থিতি | ৫% |
| কুইজ | ৫% |
| Class Test & Tutorial | ১০% |
| Assignment/ Presentation/Lab/Project | ১০% |
| | Total: ৩০% |

Continuous Assessment এর ক্ষেত্রে উপস্থিতি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কারণ Class Attendance এর মাধ্যমেই একজন শিক্ষার্থী তার শিক্ষা জীবনের প্রকৃত জ্ঞান আহরণ করার সুযোগ পায় এবং এ কারণে সেমিস্টার পদ্ধতিতে ন্যূনতম ৭০% Class Attendance অতীব জরুরী। Class Attendance এর ৫% নম্বর নিম্নলিখিতভাবে বরাদ্দ করা হয়েছেঃ

| Percentage of Attendance | Marks |
|---|---|
| 70-75 | 01 |
| 76-80 | 02 |
| 81-85 | 03 |
| 86-90 | 04 |
| 91-100 | 05 |

## Mid Term and Semester Final Examinations

Mid Term এবং Semester Final পরীক্ষা দুটি সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রণ শাখার তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয়ে থাকে। প্রতি সেমিস্টারের মাঝামাঝি সময়ে, প্রথম দেড় মাসের মধ্যে Mid Term পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। প্রতি কোর্সের জন্য দেড় ঘন্টা ব্যাপী এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। Mid Term পরীক্ষা সমাপ্ত হওয়ার পর থেকে আনুমানিক দেড় মাস পর Semester Final পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। প্রতিটি কোর্সের জন্য ২ (দুই) ঘন্টা ব্যাপী Semester Final পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে।

Mid Term পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর উত্তরপত্র গুলি সংশ্লিষ্ট Course Teacher কর্তৃক মূল্যায়ণের পর ক্লাসে শিক্ষার্থীদেরকে দেখানো হয় এবং পরীক্ষার ভুল বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়।

উল্লেখ্য যে, বিইউবিটি তে Mid Term এবং Semester Final পরীক্ষা গুলো অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে অনুষ্ঠিত হয়। পরীক্ষাগুলোতে অসদুপায় অবলম্বনের কোন সুযোগ নেই। বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি বৃন্দ (শিক্ষক/শিক্ষিকা) ছাড়াও প্রশাসনিক কাজে নিয়োজিত উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এই পরীক্ষাগুলো তত্ত্বাবধান করে থাকেন। সম্মানিত ভাইস চ্যান্সেলর মহোদয় নিজে অত্যন্ত আগ্রহ এবং গুরুত্বের সাথে পরীক্ষাগুলো পর্যবেক্ষণ করে থাকেন।

Mid Term এবং Semester Final পরীক্ষা সমাপ্ত হওয়ার পর এক সপ্তাহ বা আরও কম সময়ের মধ্যে সংশ্লিষ্ট পরীক্ষাগুলোর Supplementary পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, Supplementary পরীক্ষার যোগ্যতা অর্জনের ক্ষেত্রে অত্যন্ত কড়াকড়িভাবে শর্তারোপ করা হয়ে থাকে। এই পরীক্ষাটিতে অংশ গ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে সাধারনত নিরুৎসাহিত করা হয়।

### Mid Term এবং Semester Final পরীক্ষার শিক্ষার্থীদের অবশ্যই পালনীয় Code of Conduct গুলি নিম্নরূপ:

(১) পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে একমাত্র Admit Card এবং ID Card নিয়ে প্রবেশ করতে পারবে। Mid-Term পরীক্ষার ক্ষেত্রে Admit Card এর পরিবর্তে Registration Form নিয়ে প্রবেশ করবে। অন্য কোন লিখিত বা মুদ্রিত কাগজপত্র অবশ্যই সঙ্গে থাকবেনা।

(২) পরীক্ষার্থীগণ অবশ্যই ১০ (দশ) মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করবে এবং নির্ধারিত আসনে বসবে।

(৩) Mobile ফোন নিয়ে কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে না। ভুলক্রমে Mobile Phone সঙ্গে এনে থাকলে বন্ধ করে পরীক্ষার হলে বড় টেবিলের উপর নিজ দায়িত্বে রাখতে হবে।

(৪) কোন পরীক্ষার্থীকে কোন প্রকার অসদুপায় অবলম্বনরত অবস্থায় দেখতে পেলে তাকে পরীক্ষার হল থেকে বহিষ্কার করা হবে। ঐ কোর্সসহ উক্ত সেমিস্টারে গৃহীত তার সকল কোর্স বাতিল করা হবে।

(৫) পরীক্ষা শুরু হওয়ার এক ঘণ্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থীকে Washroom এ যাওয়ার অনুমতি দেওয়া হবেনা। বাইরে যাওয়ার অনুমতি প্রাপ্ত পরীক্ষার্থীকে ৫ (পাঁচ) মিনিটের মধ্যে পরীক্ষার হলে ফিরে আসতে হবে।

(৬) নির্দিষ্ট সময়ের আগে পরীক্ষা শেষ হলেও কোন পরীক্ষার্থীকে বাইরে যাওয়ার অনুমতি প্রদান করা হবে না। সকল অবশিষ্ট পরীক্ষার্থীর উত্তরপত্র গ্রহণ করার পর সকলে একত্রে হল ত্যাগ করতে পারবে।

(৭) পরীক্ষার্থীগণ Washroom এ কোন বই, খাতা, ইত্যাদি রাখতে পারবে না। এ ধরণের কোন বই বা কাগজপত্র পাওয়া গেলে তা বিনষ্ট করা হবে।

## Grade Point নির্ধারণ

Continuous Assessment, Mid Term পরীক্ষা এবং Semester Final পরীক্ষা এ প্রাপ্ত নম্বরগুলির যোগফলের উপর ভিত্তি করে সংশ্লিষ্ট কোর্সের Letter Grade ও Grade Point প্রদান করা হয়। বিইউবিটিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত নিম্নলিখিত Grading System অনুসরণ করা হয়:

| প্রাপ্ত নম্বর | Letter Grade | Grade Point |
|---|---|---|
| ৮০% এবং এর উপরে | A+ | 4.00 |
| ৭৫% থেকে ৮০% এর নীচে | A | 3.75 |
| ৭০% থেকে ৭৫% এর নীচে | A- | 3.50 |
| ৬৫% থেকে ৭০% এর নীচে | B+ | 3.25 |
| ৬০% থেকে ৬৫% এর নীচে | B | 3.00 |
| ৫৫% থেকে ৬০% এর নীচে | B- | 2.75 |
| ৫০% থেকে ৫৫% এর নীচে | C+ | 2.50 |
| ৪৫% থেকে ৫০% এর নীচে | C | 2.25 |
| ৪০% থেকে ৪৫% এর নীচে | D | 2.00 |
| ৪০% এর নীচে | F | 0.00 |

- কোন শিক্ষার্থী কোন কোর্সে ‘F’ গ্রেড অর্জন করলে পরবর্তী সেমিস্টারে তাকে অবশ্যই ঐ কোর্সে রেজিস্ট্রেশন করে কোর্সটি পড়াশুনা করতে হবে। উক্ত কোর্সের সঙ্গে সে পরবর্তী সেমিস্টারের আরও কিছু কোর্স পড়াশুনা করতে পারবে।

- কোন শিক্ষার্থী কোন কোর্সের গ্রেড Improve করতে চাইলে উক্ত শিক্ষার্থীকে বিভাগীয় প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আবেদন করতে হবে। উক্ত আবেদনপত্র সংশ্লিষ্ট সেমিস্টারের ফল প্রকাশের দুই সপ্তাহের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে পৌঁছাতে হবে।

**Viva-Voce**

BBA, LL.B (Hons), B.Sc (Hons) in Economics এবং B.A (Hons) in English প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীগণ প্রতি শিক্ষাবর্ষ শেষে অর্থাৎ প্রতি ৩ (তিন) সেমিস্টার পর একটি Viva Voce (মৌখিক) পরীক্ষা দিবে। এই পরীক্ষার নম্বর থাকবে ২৫। সমগ্র প্রোগ্রামে ৪টি Viva-Voce পরীক্ষার মোট নম্বর থাকবে ১০০। প্রতিটি Viva-Voce পরীক্ষার নম্বর বন্টন নিম্নরূপঃ

| বিষয় | নম্বর |
|---|---|
| 1) Course Contents of the Academic Year | 15 |
| 2) General Knowledge and Knowledge about Current Affairs | 5 |
| 3) Behavioral Pattern | 5 |
| Total: | 25 |

## ভর্তি হওয়া শিক্ষার্থীদের নির্দেশনা অনুসরণ

বিইউবিটিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত নির্দেশনা সমূহ অনুসরণ করতে হবে:

(১) প্রত্যেক সেমিস্টারের প্রারম্ভেই নির্দিষ্ট সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

(২) রেজিস্ট্রেশন কার্য শেষে বিইউবিটি'র হিসাব শাখা থেকে বেতন জমা রশিদ সংগ্রহ করে উক্ত সেমিস্টারের ফি একসাথে বা সর্বোচ্চ ০৩ (তিন) টি কিস্তির মাধ্যমে বিইউবিটিতে অবস্থিত Social Islami Bank Limited (SIBL) বা Bank Asia শাখায়, অথবা দারুস সালাম রোড, মীরপুর ১ এ অবস্থিত পূবালী ব্যাংক শাখায় জমা দিতে হবে।

(৩) বেতন জমা রশিদে শিক্ষার্থীর নাম, আইডি নম্বর, ইনটেক নম্বর এবং প্রোগ্রাম সঠিক আছে কি-না তা যাচাই করে শিক্ষার্থীর স্বাক্ষর সহ উপরোক্ত শাখাসমুহে টাকা জমা দিয়ে রশিদের নিজস্ব অংশ সংগ্রহ এবং সংরক্ষণ করতে হবে। কারো হিসাবে কোন গরমিল পরিলক্ষিত হলে তাকে হিসাব শাখায় উক্ত সংরক্ষিত রশিদ প্রমাণ হিসেবে উপস্থাপন করতে হবে।

(৪) প্রতিটি কিস্তির ফি/বেতন নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে বেতন জমা দিতে ব্যর্থ হলে বিলম্ব ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকা প্রদান করতে হবে, যা কোন অবস্থাতেই মওকুফ করা হবে না।

(৫) Semester Final পরীক্ষার পূর্বে প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই সকল পাওনাদি পরিশোধ করতে হবে। অন্যথায় Semester Final পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

(৬) বেতন জমা রশিদ বিইউবিটি'র হিসাব শাখার নিম্নোক্ত কক্ষ থেকে সংগ্রহ করতে হবে:

- ✓ ভবন - ১ এর ২০৪ নম্বর কক্ষ।
- ✓ ভবন - ৪ এর নীচতলা।

(৭) কোন শিক্ষার্থী নির্ধারিত তারিখের মধ্যে সেমিস্টার প্রত্যাহার করতে ব্যর্থ হলে উক্ত শিক্ষার্থীকে উক্ত সেমিস্টারের কোর্সের সমুদয় ফি বিশ্ববিদ্যালয়ে অবশ্যই পরিশোধ করতে হবে।

(৮) Mid Term পরীক্ষায় অংশগ্রহণের পর কোন কোর্স/সেমিস্টার প্রত্যাহার করার সুযোগ নেই, তাই কোন শিক্ষার্থী Mid Term পরীক্ষার পর সেমিস্টার সম্পন্ন করতে না পারলেও উক্ত সেমিস্টারের কোর্সের সমুদয় ফি বিশ্ববিদ্যালয়ে অবশ্যই পরিশোধ করতে হবে।

(৯) সর্বশেষ সেমিস্টার এ টিউশন ফি এর সাথে নিরাপত্তা বাবদ প্রদত্ত জামানত (Caution Money) সমন্বয় করতে পারবে, তবে আবেদনপত্রে কম্পিউটার ল্যাব, লাইব্রেরী, স্টুডেন্ট অ্যাফেয়ার্স এবং পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে সুপারিশ/অনুমোদন সংগ্রহ করতে হবে।

(১০) প্রশংসাপত্র উত্তোলনের জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে আবেদনপত্রে সুপারিশ নিয়ে নির্ধারিত ফি হিসাব শাখায় জমা করে পুনরায় আবেদনপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দিতে হবে।

(১১) গ্রেডশীট/ট্রান্সক্রিপ্ট এবং সার্টিফিকেট উত্তোলনের ক্ষেত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে আবেদনপত্রে সুপারিশ নিয়ে কম্পিউটার ল্যাব, লাইব্রেরী, স্টুডেন্ট অ্যাফেয়ার্স থেকে সুপারিশ/অনুমোদন গ্রহণ পূর্বক হিসাব শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে পুনরায় আবেদনপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দিতে হবে।

(১২) কেবলমাত্র চূড়ান্ত ফলাফল প্রকাশের পর বা সার্টিফিকেট উত্তোলনপূর্বক আবেদনের মাধ্যমে নিরাপত্তা জামানত (Caution Money) উত্তোলন করতে পারবে, তবে এক্ষেত্রে সার্টিফিকেট এর ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে হিসাব শাখায় আবেদনপত্র জমা দিতে হবে।

# ফি ওয়েভার (Waiver) এবং স্কলারশীপ, স্টাইপেন্ড ও সংক্রান্ত তথ্যাবলী

বিইউবিটিতে নিম্নোক্ত ওয়েভার (Waiver) সুবিধা প্রচলিত আছে:

(১) SSC এবং HSC উভয় পরীক্ষায় GPA 9, 9.5 এবং 10 হলে প্রথম বৎসর প্রথম তিন Semester এ Tuition ফি এর উপর যথাক্রমে ২৫%, ৫০% এবং ১০০% Waiver পাবে।

(২) দ্বিতীয় বৎসর অর্থাৎ চতুর্থ Semester এ তাকে Waiver পেতে হলে BUBT এর Semester পরীক্ষায় CGPA ৩.৭ (তিন দশমিক সাত) বা তার অধিক হতে হবে।

(৩) Spouse (স্বামী বা স্ত্রী) এবং Sibling (একই পিতা/মাতার সন্তান) এর জন্য Waiver এর ক্ষেত্রে উভয়ই যতদিন পর্যন্ত BUBT তে অধ্যয়নরত থাকবে ততদিন পর্যন্ত প্রত্যেককে ২৫% হারে Waiver বলবৎ থাকবে।

(৪) Freedom Fighter কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের ১০০% Tuition ফি Waiver সুবিধা প্রযোজ্য হবে।

(৫) বিইউবিটিতে হতে উত্তীর্ণ শিক্ষার্থীবৃন্দ বিইউবিটিতে মাস্টার্স প্রোগ্রামে ভর্তি হলে ২০% হারে প্রতি বছরে টিউশন ফি ছাড় সুবিধা পাবে।

(৬) ঢাকা কমার্স কলেজ, ঢাকা এবং প্রিন্সিপাল কাজী ফারুকী স্কুল এন্ড কলেজ, রায়পুর, লক্ষীপুর হতে উত্তীর্ণ শিক্ষার্থীবৃন্দ বিইউবিটিতে যে কোন প্রোগ্রামে ভর্তি হলে ২০% হারে প্রতি বছরে টিউশন ফি ছাড় সুবিধা পাবে।

(৭) উপরোক্ত সমস্ত কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের Waiver সুবিধা পেতে হলে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং Waiver সুবিধা পাওয়ার জন্য নুন্যতম CGPA ৩ (তিন) থাকতে হবে।

(৮) BUBT Trustees Stipend/Scholarship সুবিধা পাওয়ার ক্ষেত্রে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

(৯) আবেদনপত্র ভবন - ১ এর ২১০ নম্বর কক্ষে জমা দিতে হবে। আবেদন ফরম রিসেপশন ডেস্ক থেকে বিনামুল্যে পাওয়া যাবে অথবা বিইউবিটি ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

বি ইউ বি টি কর্তৃপক্ষ